

২০২৪

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : CC-12

(নাটক ও নাট্যমঞ্চ)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটিতে কেন্দ্রীয় চরিত্র হিসেবে ভক্তপ্রসাদ চরিত্রটির আলোচনা করো। ১০  
অথবা,  
(খ) "সাংকেতিক নাটক হিসেবে মুক্তধারা এক প্রকৃত মাত্রা স্পর্শ করেছে।" — মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০
- ২। (ক) "‘কারাগার’ নাটকে খলনায়ক ও নায়ক উভয়ই হলেন কংস।" — মন্তব্যটি কতখানি যুক্তিযুক্ত বিচার করো। ১০  
অথবা,  
(খ) 'টিনের তলোয়ার' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১০
- ৩। (ক) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে গেরাসিম লেবেদফ ও তাঁর বেঙ্গলি থিয়েটারের গুরুত্ব আলোচনা করো। ১০  
অথবা,  
(খ) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে বাগবাজার অ্যামেচার থিয়েটারের অবদান সম্পর্কে আলোচনা করো। ১০
- ৪। (ক) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটির অপ্রধান চরিত্রগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫  
অথবা,  
(খ) 'মুক্তধারা' নাটকের যে-কোনো একটি গানের প্রাসঙ্গিকতা আলোচনা করো। ৫
- ৫। (ক) 'কারাগার' নাটকের রাজনৈতিক প্রেক্ষিত সংক্ষেপে বর্ণনা করো। ৫  
অথবা,  
(খ) 'টিনের তলোয়ার' নাটকের বসুন্ধরা চরিত্রটি বিশ্লেষণ করো। ৫
- ৬। টীকা লেখো (যে-কোনো একটি)। ৫  
জোড়াসাঁকো নাট্যশালা, গণনাট্য আন্দোলন।

Please Turn Over

(0744)

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

৫×১

- (ক) “মুক্তধারা বর্ণাকে বেঁধেছে।”— প্রসঙ্গ ব্যাখ্যা করো।  
 (খ) “আমি কলকাতার তলায় থাকি”— কে, কাকে বলেছে? এর অন্তর্নিহিত অর্থ লেখো।  
 (গ) টীকা লেখো— শ্যামবাজার থিয়েটার।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও।

১×১৫

- (ক) ‘বুড় সালিকের ঘাড়ে রৌঁ’ প্রহসনটির দুটি নারী চরিত্রের নাম লেখো।  
 (খ) সুমনের মায়ের নাম কী?  
 (গ) ভক্তপ্রসাদের পুত্রের নাম লেখো।  
 (ঘ) অভিজিৎ-এর দাদামশায় কে?  
 (ঙ) নবনাট্য সম্পর্কিত একটি নাটকের নাম লেখো।  
 (চ) ন্যাশনাল থিয়েটার প্রথম পর্বের সময়কাল লেখো।  
 (ছ) বেলগাছিয়া নাট্যশালায় অভিনীত প্রথম নাটকের নাম লেখো।  
 (জ) ‘নাট্য নিয়ন্ত্রণ বিল’ প্রণয়ন করা হয় কোন তারিখে?  
 (ঝ) ‘কারাগার’ নাটকে যে-কোনো দুটি নারী চরিত্রের নাম লেখো।  
 (ঞ) ‘নবান্ন’ নাটকটি প্রথম কত সালে অভিনীত হয়?  
 (ট) “আমাকেও বন্দি করো, আমি বিদ্রোহী”— বক্তা কে?  
 (ঠ) “কত্তাবাবু, আমি বড় কাঙ্গাল রাইওৎ”— কে, কাকে বলেছে?  
 (ড) “এদিকে হাহাকার, ওদিকে বুলবুলির লড়াই”— বক্তা কে?  
 (ঢ) “যে পথ খুলে যায় সে পথ সকলের”— বক্তা কে?  
 (ণ) “মেয়েটাকে বেঁচে দিলেন, বাবু?”— কে বলেছে? কাকে বলেছে?